


নং-৩৪.০১.০০০০.০২৮.২৯.০০৮.০৬ - ২০৭

তারিখ : ০৪-০৫-২০১৭ খ্রিঃ

দপ্তরাদেশ

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত চট্টগ্রাম বিভাগীয় “ক্ষুদ্রঋণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচি মূল্যায়ন ও বাস্তবায়ন” শীর্ষক বিভাগীয় কর্মশালা আগামী ১৫/০৫/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় জেলা পরিষদ সভাকক্ষ, বান্দরবানে অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলার উপ পরিচালক, সহকারী পরিচালক (ঋণ সংশ্লিষ্ট একজন) এবং এ সকল জেলার আওতাধীন উপজেলা কার্যালয়সমূহের সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (যে সকল উপজেলায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার পদ শূন্য রয়েছে সে সকল উপজেলার তথ্যাদি অতিরিক্ত দায়িত্ব পালনকারী কর্মকর্তাই উপস্থাপন করবেন) ও নির্বাচিত ১৬জন ক্রেডিট সুপারভাইজার অংশগ্রহণ করবেন। কর্মশালায় অংশগ্রহণকারীগণকে বর্ণিত ঠিকানায় আগামী ১৫/০৫/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ৮.৩০ ঘটিকায় রিপোর্ট করতে অনুরোধ করা হলো।

কর্মশালায় অংশগ্রহণকারীগণ সরকারী বিধি মোতাবেক টি,এ/ডি,এ প্রাপ্য হবেন।


  
(আনোয়ারুল করিম)

মহাপরিচালক  
ফোনঃ ৯৫৫৯৩৮৯  
Email-dgdydhq@gmail.com

নং-৩৪.০১.০০০০.০২৮.২৯.০০৮.০৬ - ২০৭

তারিখ : ০৪-০৫-২০১৭ খ্রিঃ

- ০১। জেলা প্রশাসক..... জেলা।
- ০২। পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান জেলাকে কর্মশালার ভেন্যু প্রস্তুতকরণ(মঞ্চ প্রস্তুত, ১০৩ জন অংশগ্রহণকারীর বসার ব্যবস্থা), উপযুক্ত সাউন্ড সিস্টেম, হোয়াইট বোর্ড ও মার্কারসহ যাবতীয় প্রাসংগিক প্রস্তুতি গ্রহণ এবং কর্মশালা সমাপনান্তে পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে অস্থায়ী উত্তোলিত অর্থের সমন্বয় বিবরণী, হিসাব রক্ষণ অফিসের প্রত্যয়নসহ দাঃ বিঃ ও ঋণ শাখায় পাঠানোর ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০৫। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলাকে তাঁর আওতাধীন সকল উপজেলার জুন/১৫, জুন/১৬ ও মার্চ/১৭ মাসের ঋণ কর্মসূচীর মাসিক প্রতিবেদন সংগে আনার বিষয়টি নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।
- ০৬। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....জেলা।
- ০৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....উপজেলা.....জেলা।
- ০৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, .....উপজেলা ..... জেলাকে জুন/১৫, জুন/১৬ ও মার্চ/১৭ মাসের ঋণ কর্মসূচীর মাসিক প্রতিবেদন সংগে আনার জন্য অনুরোধ করা হলো।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১১। ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর,.....উপজেলা.....জেলা।
- ১২। অফিস কপি/গার্ড নথি।

  
(মোঃ শাহীনূর রহমান)  
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)  
ফোন : ৯৫১৫০১৯।

অংশগ্রহণকারীগণের তালিকা।

০১	উপ-পরিচালক	:	০৮ জন
০২	সহকারী পরিচালক (ঋণ সংশ্লিষ্ট একজন)	:	০৮ জন
০৪	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	:	৭১ জন
০৫	ক্রেডিটসুপারভাইজার	:	(নির্বাচিত) ১৬ জন
	সর্বমোট =	:	১০৩ জন